# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৭০/২০১৬/১৫০১০ তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

চালিতাবুনিয়া নেছারিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বড়বাইশদিয়া, উপজেলা: রাঙ্গাবালী, জেলা: পটুয়াখালী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২১-০১-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. অধ্যক্ষ ও উপাধ্যক্ষের জন্য মানসম্মত পৃথক কক্ষের ব্যবস্থা করতে হবে;
২. দ্রুততম সময়ের মধ্যে মাদরাসার প্রধান ফটক নির্মাণ করতে হবে;
৩. সুষ্ঠুভাবে প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে একাডেমিক, আর্থিক কমিটি গঠন করতে হবে এবং সকল প্রকার আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৪. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা আরও বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, বইগুলো সুসজ্জিত করে রাখা, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য বই পড়ার ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. আরবি, ইংরেজি ভাষায় দক্ষতা অর্জনের লক্ষ্যে সময় সময় বিভিন্ন সভা, সেমিনার ও শিক্ষামূলক বিষয়ের ওপর প্রতিযোগিতার আয়োজন করতে হবে;
৬. এবতেদায়ী শিশু শ্রেণি থেকে পঞ্চম শ্রেণির ক্লাসরুমগুলো সৌন্দর্যবর্ধন (জাতীয় ফুল-ফল, পশু-পাখি, স্বরণীয় ব্যক্তিত্ব, দর্শনীয় স্থান, শিক্ষামূলক বাণী, ইসলামিক ক্যালিওগ্রাফি ইত্যাদি অংকনের মাধ্যমে) করতে হবে;
৭. অধ্যক্ষ, উপাধ্যক্ষসহ সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে;
৮. কুরআন শিক্ষার ওপর গুরুত্ব দেওয়ার পাশাপাশি প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
৯. শিক্ষার্থীদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দিতে হবে;
১০. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১১. মাদরাসার সাইনবোর্ড, প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি" কথাটি উল্লেখপূর্বক ক্লাসের নামপ্লেটে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসা ও শ্রেণি কক্ষের নাম উল্লেখ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/১৪/৮/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

চালিতাবুনিয়া নেছারিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: বড়বাইশদিয়া, উপজেলা: রাঙ্গাবালী, জেলা: পটুয়াখালী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৭০/২০১৬/১৫০১০ তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ১৪ আগস্ট ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, চালিতাবুনিয়া নেছারিয়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: বড়বাইশদিয়া, উপজেলা: রাঙ্গাবালী, জেলা: পটুয়াখালী।
৭. অফিস নথি।

14.08.2025

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫